দৈনিক ইত্তেফাক

তারিখ 22 OCT 1993
পৃষ্ঠা ৩ কলাম ৫

22

# শরিয়তপুরে ৪০ হাজার শিশু শিক্ষা-বঞ্চিত

শরীয়তপুর সংবাদদাতা ॥ জেলার ৪০ হাজার ছেলে-মেয়ে প্রাথমিক শিক্ষার সুযোগ হইতে বঞ্চিত হইতেছে। প্রাপ্ত তথ্যে জানা যায়, শরিয়তপুর জেলায় প্রাথমিক বিদ্যালয়ে গমনোপযোগী ৬ হইতে ১০ বছর বয়সের ছেলে-মেয়ের সংখ্যা ১ লক্ষ ৬৭ হাজার ১৫৩ জন। তন্মধ্যে জেলার ৩৯৬টি সরকারী ও ১৪৪টি বেসরকারী প্রাইমারী স্কুলে ১ লক্ষ ২৬ হাজার ৯১৩ জন ছেলে-মেয়ে পড়াশুনা করিতেছে। প্রথম শ্রেণীতে ছাত্র-ছাত্রীর সংখ্যা ৩৯ হাজার ৫ শত, দ্বিতীয় শ্রেণীতে ২৯ হাজার ১০, তৃতীয় শ্রেণীতে ২৩ হাজার ৫ শত ৭৬, চতুর্থ শ্রেণীতে ১৯ হাজার ৪ শত ৩৯ এবং পঞ্চম শ্রেণীতে ১৫ হাজার ৩শত। প্রাইমারী স্কুলসমূহের সকল ছাত্র-ছাত্রীর মধ্যে বিনামূল্যে পাঠ্য বই বিতরণ করা

( ৪র্থ পৃঃ দ্রঃ )

## শরীয়তপুরে

(৩য় পৃঃ পর)

হয়। তথাপি স্কুলে গমনোপযোগী সকল ছাত্র ছাত্রীকে বিদ্যালয়ে আনা সম্ভব হইতেছে না। কয়েকজন প্রাইমারী শিক্ষক জানান, গ্রামের স্কুলগুলিতে জমি চাষ ও ধানকাটা মৌসুমে ছাত্র উপস্থিতির সংখ্যা কমিয়া যায়।

এদিকে সদর থানার দক্ষিণ কেবল নগর সরকারী প্রাথমিক বিদ্যালয় ভবনের ছাদ হইতে ইট, সুরকি খসিয়া পড়িতেছে। বিদ্যালয় ভবনটির ছাদ ধসিয়া পড়ার আশঙ্কায় স্কুলের শিক্ষকগণ বছরাধিককাল ধরিয়া স্কুল সংলগ্ন জনৈক প্রাক্তন ইউপি সদস্যের বৈঠকখানায় ছাত্র-ছাত্রীদের ক্লাশ নিতেছেন। একই থানার বালাখানা সরকারী প্রাথমিক বিদ্যালয়টি প্রায় দুই বছর পূর্বে ঘূর্ণিঝড়ে বিধ্বস্ত হইলেও অদ্যাবধি তাহা মেরামত করা হয় নাই। এই বিদ্যালয়টির ছাত্র-ছাত্রীদের ক্লাশও বিদ্যালয় সংলগ্ন পার্শ্বের বাড়ীর বৈঠকখানায় চলিতেছে।